Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বোরহানউদ্দিন, ভোলা।
(borhanuddin.bhola.gov.bd)

মুজিব বর্ষ

স্মারক নং-০৫.১০.০৯২১.০০০.০০.০০৪.২১- (১০০০) ১৫০

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
১৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.

১৪২৯ বাংলা সনের জন্য হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ৬ আশ্বিন, ১৪১৮ বাঙ্গাব্দ, ২১ সেপ্টেম্বর ২০১১ খ্রি. তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নম্বর স্মারকে জারীকৃত সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সংক্রান্ত নীতিমালার আলোকে ভোলা জেলাধীন বোরহানউদ্দিন উপজেলার ভৌগোলিক সীমানার মধ্যে অবস্থিত নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪২৯ বাংলা সালের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে ইজারা/বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে নির্ধারিত ফরমে (একটি ফরম কেবল মাত্র একটি হাট-বাজারের জন্য) সীল মোহারকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে:

হাট-বাজারসমূহের তালিকা:

ক্রমিক নং	হাট-বাজারের নাম	ইউনিয়নের নাম	বাংলা ১৪২৯ সালের জন্য ধার্যকৃত ইজারামূল্য (বিগত ৩ বছরের গড়মূল্য ৬% বৃদ্ধিসহ)	দরপত্রের মূল্য
১	খায়ের হাট	গঙ্গাপুর	১০০০০	৫০০
২	মৌলভীর হাট (শাকের ভিটা)		২৩৮০০	৫০০
৩	জয়ার হাট		৫০০০০	৫০০
৪	শান্তির হাট (গংগাপুর)		২০০০০	৫০০
৫	ফুল বাড়ীর হাট	সাচরা	৩০০০	৫০০
৬	দরুন বাজার		৩০০০০০	১২০০
৭	কাচারির হাট		৫২০০০	৫০০
৮	সোনা বাজার		৩১০০০	৫০০
৯	চান্দের হাট	দেউলা	৭১০০	৫০০
১০	শান্তির হাট (দেউলা)		২২৫০০	৫০০
১১	হাজির হাট		১৬৩০০	৫০০
১২	তালুকদার হাট		৫২০০০	৫০০
১৩	মজমের হাট		৪৯১০০০	১৬০০
১৪	কুঞ্জের হাট	কাচিয়া	১০০১০০০	২৮০০
১৫	গ্যাস ফিল্ড বাজার		১০৫০০	৫০০
১৬	চৌমুহনীর হাট(কাচিয়া)		২২৫০০	৫০০
১৭	কাচিয়ার হাট		২২০০	৫০০
১৮	দালাল বাজার		১৬৮৫০০	১০০০
১৯	সিকদার হাট		২২০০	৫০০
২০	কালির হাট		২৮০০০	৫০০
২১	মুন্সির হাট	টবগী	১০৮০০	৫০০
২২	মনিরাম বাজার		১৮৩৭০০	১০০০
২৩	ফকিরের হাট (বোরহানউদ্দিন অংশ)		১৩১০০	৫০০
২৪	উদয়পুর রাস্তার মাথার হাট		১২৫০০০	১০০০
২৫	আকুল বাজার		২৭০০	৫০০
২৬	মির্জাকালু খাসমহল বাজার	হাসাননগর	৬১৫০০	৫০০
২৭	মির্জাকালু চেয়ারম্যান হাট (নতুন সৃষ্টি)		৭৫০০	৫০০
২৮	মির্জাকালু কাজীর হাট		২১৬০০০	১২০০
২৯	হাকিমুদ্দিন হাট		৬৬৫০০	৫০০
৩০	নয়ামিয়ার হাট	পক্ষিয়া	১৯৫০০	৫০০
৩১	বোরহানগঞ্জ হাট		২১১৪০০০	৫২০০
৩২	মানিকার হাট	বড়মানিকা	৪৩০০০০	১৬০০
৩৩	মোল্লার হাট		৫২০০০	৫০০
৩৪	চৌমুহনীর হাট (বোরহানউদ্দিন অংশ)		৬৭০০০	৫০০
৩৫	আলিমুদ্দিন হাট		১৯২০০	৫০০
৩৬	বাংলাবাজার হাট		৫৪১০০	৫০০
৩৭	হারানের হাট		৬৬০০	৫০০
৩৮	পাটোয়ারীর হাট		৩৩৫০০	৫০০
৩৯	আনন্দবাজার	কুতুবা	৭১০০	৫০০
৪০	মিলন বাজার		৩৫০০	৫০০
৪১	রাণীগঞ্জ হাট		৩০৫০০০	১৪০০
৪২	আজাদনগর হাট		২৭৫০০	৫০০

ইজারার বিশেষ শর্তাবলি:

০১। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোনো তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজরা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

০২। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) **কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ ১৫% ভ্যাট ও ৫% আয়করসহ একযোগে সংশ্লিষ্ট কোড ও ব্যাংক হিসাব নম্বরে জমা দিতে হবে**। নির্ধারিত সময়ের মধ্যে হাটের ইজারা মূল্য, আয়কর ও ভ্যাট জমা দিতে ব্যর্থ হলে দাখিলকৃত জামানত বাজেয়াপ্তকরণপূর্বক দরপত্রটি বাতিল করা হবে।

০৩। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৪। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র দালিখের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৫। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৬। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৭। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৮। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয়, তাহা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

০৯। দরপত্র অনুমোদিত হওয়ার ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-টাকার **নন-জুডিশিয়াল** স্ট্যাম্পে সরকারের সাথে চুক্তিপত্র সম্পাদনের মাধ্যমে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১০। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১২। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৩। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। ইজারা সংক্রান্ত সকল কার্যক্রম 'সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত বণ্টন সম্পর্কিত নীতিমালা, ২০১১" এবং সরকার কর্তৃক পরবর্তীতে জারিকৃত পরিপত্র/নির্দেশনা মেনে পরিচালিত হবে। ইজারা গ্রহীতাগণ এ সকল বিধিবিধান মেনে চলতে বাধ্য থাকবে।

দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের তারিখ:

বিবরণ	সিডিউল বিক্রির তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	মন্তব্য
প্রথম দরপত্র	১৫.০২.২০২২ হতে ০১.০৩.২০২২	০২.০৩.২০২২ (সকাল ০৯:০০ হতে দুপুর ০১:০০ ঘটিকা)	০২.০৩.২০২২ (বিকাল ০৪:০০ ঘটিকা)	প্রথম ডাকে যে সমস্ত হাট-বাজারের কাঙ্ক্ষিত ইজারা মূল্য পাওয়া যাবেনা দ্বিতীয় ডাকে সে সমস্ত হাট-বাজারের দরপত্র দাখিল করতে হবে।
দ্বিতীয় দরপত্র	০৩.০৩.২০২২ হতে ০৯ মার্চ ২০২২	১০.০৩.২০২২ (সকাল ০৯:০০ হতে দুপুর ০১:০০ ঘটিকা)	১০.০৩.২০২২ (বিকাল ০৪:০০ ঘটিকা)	দ্বিতীয় ডাকে যে সমস্ত হাট-বাজারের কাঙ্ক্ষিত ইজারামূল্য পাওয়া যাবেনা তৃতীয় ডাকে সে সমস্ত হাট-বাজারের দরপত্র দাখিল করতে হবে।
তৃতীয় দরপত্র	১৩.০৩.২০২১ হতে ২০.০৩.২০২২	২১.০৩.২০২২ (সকাল ০৯:০০ হতে দুপুর ০১:০০ ঘটিকা)	২১.০৩.২০২২ (বিকাল ০৪:০০ ঘটিকা)	তৃতীয় ডাকে যে সমস্ত হাট-বাজারের কাঙ্ক্ষিত ইজারা মূল্য পাওয়া যাবেনা চতুর্থ ডাকে সে সমস্ত হাট-বাজারের দরপত্র দাখিল করতে হবে।
চতুর্থ দরপত্র	২২.০৩.২০২২ হতে ২৭.০৩.২০২২	২৮.০৩.২০২২ (সকাল ০৯:০০ হতে দুপুর ০১:০০ ঘটিকা)	২৮.০৩.২০২২ (বিকাল ০৪:০০ ঘটিকা)	চতুর্থ ডাকে যে সমস্ত হাট-বাজারের কাঙ্ক্ষিত ইজারামূল্য পাওয়া যাবেনা ৫ম ডাকে সে সমস্ত হাট-বাজারের দরপত্র দাখিল করতে হবে।
অব্যাহত	২৯.০৩.২০২২ হতে ০৪.০৪.২০২২	০৫.০৪.২০২২ (সকাল ০৯:০০ হতে দুপুর ০১:০০ ঘটিকা)	০৫.০৪.২০২২ (বিকাল ০৪:০০ ঘটিকা)	ধার্য তারিখে সরকারি ছুটি থাকলে তার পরের দিন দরপত্র দাখিল করা যাবে।

প্রথমবার দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে পরবর্তী তারিখে ঐ হাট-বাজারটির নাম তালিকা থেকে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে।

দরপত্র ফরম বিক্রয় ও দাখিলের স্থানঃ

দরপত্র বিক্রয়ের স্থানসমূহ	দরপত্র দাখিলের স্থানসমূহ
ক) জেলা প্রশাসক, ভোলা মহোদয়ের কার্যালয় খ) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ভোলা এর কার্যালয় গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বোরহানউদ্দিন ঘ) সহকারী কমিশনার (ভূমি)এর কার্যালয়, বোরহানউদ্দিন ঙ) অফিসার ইনচার্জ, বোরহানউদ্দিন থানা, ভোলা চ) সোনালী ব্যাংক লিমিটেড, বোরহানউদ্দিন শাখা	ক) জেলা প্রশাসক, ভোলা মহোদয়ের কার্যালয় খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বোরহানউদ্দিন, ভোলা গ) সহকারী কমিশনার (ভূমি), বোরহানউদ্দিন, ভোলা এর কার্যালয়

১৪/২/২২

মো. সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।

স্মারক নং-০৫.১০.০৯২১.০০০.০০.০০৪.২১- ১৫০

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
১৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

০১. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০২. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
০৩. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
০৫. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
০৬. উপজেলা নির্বাহী অফিসার.......................................(সকল), ভোলা।
০৭. মেয়র, বোরহানউদ্দিন পৌরসভা, ভোলা।
০৮. সহকারী কমিশনার (ভূমি), বোরহানউদ্দিন, ভোলা।
০৯. উপজেলা.......................................কর্মকর্তা (সকল), বোরহানউদ্দিন,ভোলা।
১০. অফিসার ইনচার্জ, বোরহানউদ্দিন থানা, ভোলা (দরপত্র দাখিল ও খোলার দিন নিরাপত্তা প্রদানের জন্য ফোর্স প্রেরণের অনুরোধসহ)
১১. চেয়ারম্যান,.......................................ইউনিয়ন (সকল), বোরহানউদ্দিন, ভোলা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
১২. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ... ইউনিয়ন ভূমি অফিস, বোরহানউদ্দিন (সকল), তাঁকেবিজ্ঞপ্তিটি হাট-বাজারের দিনে ঢোলশহরত যোগে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৩. সম্পাদক,....................................... । উক্ত বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে ৯×৪ (নয় ইঞ্চি বাই চার ইঞ্চি) আকারে শর্তাবলি ব্যতীত সংশ্লিষ্ট পত্রিকায় একবার প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৪. সম্পাদক, ... । উক্ত বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে ৯×৪ (নয় ইঞ্চি বাই চার ইঞ্চি) আকারে শর্তাবলি ব্যতীত সংশ্লিষ্ট পত্রিকায় একবার প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৪. সভাপতি /সম্পাদক.......................................হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি। তাঁকে বিজ্ঞপ্তিটি হাট-বাজারের দিনে ঢোলশহরত যোগে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৬. জনাব ....পিতা.......................................সাকিন.......................................
ইজারাদার....................................... হাট ....বাংলা সন।
১৭. নোটিশ বোর্ড অত্র কার্যালয়।

১৪/২/২২

মো. সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।